

চীনা গ্রাম কৃত্রিম তুষার তৈরি করে ক্ষমা চাইলো

- A Monitor Desk Report

Date: 19 February, 2025



সিচুয়ান, চীন : দৃষ্টিনন্দন তুষারময় প্রাকৃতিক সৌন্দর্যের জন্য তুলা এবং সাবান-পানি দিয়ে নকল বরফ তৈরি করে পর্যটকদের প্রতারণার অভিযোগের মুখে পড়েছে চীনের একটি গ্রাম। পরে এর জন্য ক্ষমা চেয়ে গ্রামটি পর্যটকদের অর্থ ফিরিয়ে দেওয়ার ঘোষণা দিয়েছে।

চীনের সিচুয়ান প্রদেশের 'চেংডু স্নো ভিলেজে' ঘটে এই ঘটনা। গ্রামটি তাদের উইচ্যাট অ্যাকাউন্টে এক পোস্টে জানায়, মূলত জানুয়ারির শেষ দিকে লুনার নববর্ষের ছুটির সময়টিতে উষ্ণ আবহাওয়ার কারণে সত্যিকারের বরফ তেমন না পড়ায় তারা পর্যটকদের জন্য দৃষ্টিনন্দন প্রাকৃতিক সৌন্দর্য আনতে কৃত্রিমভাবে তুষার ঢাকা পরিবেশ তৈরি করেছিল। তুলা কিনে এবং সাবান-পানি দিয়ে নকল তুষার তৈরি করা হয়।

উইচ্যাটে প্রকাশিত ছবিগুলোতে দেখা গেছে, তুলার আস্তরণে ঢেকে রাখা হয়েছে গ্রামটির বাড়ি-ঘরের ছাদ এবং গাছপালার কিছু অংশ। এতে প্রত্যাশিত ফল তো হয়ইনি। উল্টো গ্রামটি ভ্রমণে যাওয়া পর্যটকদের মনে এই নকল বরফ খারাপ প্রভাব ফেলেছে। তারা প্রতারণিত হয়েছেন বলে বোধ করার কথা জানিয়েছেন। স্যোশাল মিডিয়ায় ভাইরাল হয়েছে এই ভুয়া বরফ। সমালোচনার ঝড় উঠেছে।

স্যোশাল মিডিয়ায় একজন লিখেছেন, বাড়ি-ঘর, গাছপালাগুলো দূর থেকে দেখে ঘন তুষারের আস্তরণে ঢাকা মনে হলেও কাছে গেলেই দেখা যায় আসলে তা নকল, তুলার তৈরি বরফ!

ওদিকে, চীনা স্যোশাল মিডিয়ায় পোস্ট করা একটি ভিডিওতে এক পর্যটক বলেছেন, আমি প্রতারণিত বোধ করছি। আমার বুদ্ধিমত্তাকে অপমান করা হয়েছে।

আরেক স্যোশাল মিডিয়া ব্যবহারকারী লিখেছেন, তুষারবিহীন এক তুষার গ্রাম। বর্তমান ইন্টারনেটের যুগে পর্যটন এলাকাগুলোকে সততা বজায় রেখেই প্রচার চালাতে হবে। ভুয়া বিজ্ঞাপন দেওয়া এবং প্রতারণা এড়িয়ে চলতে হবে। নাহলে তারা নিজেরই নিজেদের পায়ে কুড়াল মারবে।

স্যোশাল মিডিয়ায় এমন বিরূপ প্রতিক্রিয়ার মুখে পরে পর্যটন এলাকা থেকে কৃত্রিম বরফ সরিয়ে নেওয়া হয়। পাশাপাশি নকল বরফের জন্য

গভীর দুঃখ প্রকাশ করে তুষার গ্রাম। পরে সেখানকার পর্যটন কেন্দ্রটি বন্ধও করে দেওয়া হয়।

-B